রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, এপ্রিল ২১, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিকল্পনা কমিশন**

**ভৌত অবকাঠামো বিভাগ**

**সড়ক পরিবহন উইং**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ চৈত্র ১৪৩২/১৩ এপ্রিল ২০২৬

নং **২০.০৩.০০০০.৭০২.১৪.০১৪.২৩(অংশ-১)-৭২**—পরিকল্পনা মন্ত্রণালয়ের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের ১২ মে, ২০০৩ এবং ১৪ মে, ২০০৩ সালের প্রজ্ঞাপন অনুযায়ী সরকার কর্তৃক বর্ণিত সড়কের সংজ্ঞা ও শ্রেণিবিন্যাসের আলোকে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের আওতাধীন সড়ক ও জনপথ (সওজ) অধিদপ্তর এবং স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান (এলজিআই) কর্তৃক দাবীকৃত সড়কসমূহের মালিকানা ও দায়-দায়িত্ব নির্ধারণকরতঃ বিদ্যমান বিরোধ বা মতপার্থক্যের নিষ্পত্তি, সড়কের শ্রেণি/মান উন্নয়নের প্রস্তাব বিবেচনা, এক সংস্থার দায়িত্বাধীন সড়কের অন্য সংস্থার হস্তক্ষেপ এবং/অথবা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে আনীত অভিযোগ বিবেচনা করে সুপারিশ প্রণয়নের জন্য গঠিত স্ট্যান্ডিং কমিটির সভা গত ০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভায় এলজিইডি'র আওতাধীন ৯টি সড়ক ও চাঁদপুর পৌরসভার আওতাধীন ১টি সড়ক সওজ অধিদপ্তরের নিকট হস্তান্তর ও সওজ অধিদপ্তরের ১টি সড়ক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর [সংযোজনী-'ক'] এবং সওজ অধিদপ্তরের ২টি আঞ্চলিক মহাসড়ককে জাতীয় মহাসড়ক শ্রেণিতে রূপান্তর [সংযোজনী-'খ'] ও বগুড়া-নওগাঁ-মহাদেবপুর-পত্নীতলা-ধামইরহাট-জয়পুরহাট (আর-৫৪৫) আঞ্চলিক মহাসড়কের অবশিষ্টাংশ নতুনভাবে নামকরণের [সংযোজনী-'গ'] সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিষয়টি গেজেটভুক্ত করার নিমিত্ত গৃহীত সুপারিশ যাথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়।


**মূল্য :** টাকা ১২.০০

৩। অনুমোদিত তালিকাটি পূর্বে জারীকৃত সংশ্লিষ্ট সংস্থাসমূহের আওতাধীন সড়কের তালিকাসমূহের সাথে যুক্ত অথবা সংশোধিত তালিকা দ্বারা প্রতিস্থাপিত হবে।

৪। বাংলাদেশ গেজেটে প্রকাশের তারিখ হতে এটি কার্যকর বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসরীন সুলতানা**
উপপ্রধান (সংযুক্ত)।

**সংযোজনী-‘ক’**

**এলজিইডি’র আওতাধীন ৯টি সড়ক ও চাঁদপুর পৌরসভার আওতাধীন ১টি সড়ক সওজ অধিদপ্তরের নিকট হস্তান্তর এবং সওজ অধিদপ্তরের ১টি সড়ক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর:**

| ক্রঃ নং | জেলার নাম | প্রস্তাবিত সড়কের নাম ও আইডি নং | বর্তমান মালিকানা | প্রস্তাবিত মালিকানা | স্ট্যান্ডিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১. | কুমিল্লা | গাজীরহাট-বক্সগঞ্জ সড়ক (দৈর্ঘ্য ৩.০০ কিঃমিঃ) | এলজিইডি | সওজ অধিদপ্তর | “গাজীরহাট-বক্সগঞ্জ” সড়কটি (দৈর্ঘ্য ৩.০০ কিঃমিঃ) এলজিইডি হতে সড়ক ও জনপথ অধিদপ্তরের নিকট জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তরের সুপারিশ করা হলো। |
| ২. | চাঁদপুর | চাঁদপুর শহর নতুন বাজার-পুরান বাজার-লোহারপুল মোড়-দোকানঘর সড়ক (দৈর্ঘ্য ৩.২৫০ কিঃমিঃ) | চাঁদপুর পৌরসভা (২.৫৩৮ কিঃমিঃ) | সওজ অধিদপ্তর | চাঁদপুর পৌরসভার ২.৫৩৮ কিলোমিটার সড়ক এবং চাঁদপুর সড়ক বিভাগাধীন নির্মিত সেতু ও এপ্রোচ ০.৬৬৭ কিলোমিটার সড়কসহ মোট ৩.২৫০ কিলোমিটার সড়ক “চাঁদপুর (পুরানবাজার সেতু) লোহারপুর-দোকানঘর” নামে সড়ক ও জনপথ অধিদপ্তরের নিকট জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তরের সুপারিশ করা হলো। |
| ৩. | সিলেট | সালুটিকর বাজার-গোয়াইনঘাট সড়ক (আইডি নং-৬৯১৪১২০০২) (দৈর্ঘ্য ২৩.৮৯ কিঃমিঃ) | এলজিইডি | সওজ অধিদপ্তর | “সালুটিকর বাজার-গোয়াইনঘাট” সড়কটি (আইডি নং-৬৯১৪১২০০২) (দৈর্ঘ্য ২৩.৮৯ কিঃমিঃ) এলজিইডি হতে সড়ক ও জনপথ অধিদপ্তরের নিকট জেলা মহাসড়ক শ্রেণিতে হস্তান্তরের সুপারিশ করা হলো। |

| ক্রঃ নং | জেলার নাম | প্রস্তাবিত সড়কের নাম ও আইডি নং | বর্তমান মালিকানা | প্রস্তাবিত মালিকানা | স্ট্যান্ডিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ৪. | নরসিংদী | পুলিশ লাইন হতে দগরিয়া সড়ক (আইডি নং-৩৬৮৬০৩০০১) (দৈর্ঘ্য ০.৩২০ কিঃমিঃ) | এলজিইডি | সওজ অধিদপ্তর | "পুলিশ লাইন হতে দগরিয়া" (আইডি নং-৩৬৮৬০৩০০১) সড়ক (দৈর্ঘ্য ০.৩২০ কিঃমিঃ) ও "দগরিয়া হতে চেয়ারম্যান গেট" (আইডি নং-৩৬৮৬০৪০৮২) সড়ক (দৈর্ঘ্য ২.৫২০ কিঃমিঃ) এর মোট দৈর্ঘ্য ২.৮৪ কিঃমিঃ সড়ক এলজিইডি হতে সড়ক ও জনপথ অধিদপ্তরের নিকট "নরসিংদী পুলিশ লাইন-দগরিয়া-শীলমান্দি-চেয়ারম্যান গেট সড়ক" (দৈর্ঘ্য ২.৮৪ কিঃমিঃ) নামে জেলা মহাসড়ক শ্রেণিতে হস্তান্তরের সুপারিশ করা হলো। |
| ৫. | | দগরিয়া হতে চেয়ারম্যান গেট সড়ক (আইডি নং-৩৬৮৬০৪০৮২) (দৈর্ঘ্য ২.৫২০ কিঃমিঃ) | | | |
| ৬. | পঞ্চগড় | আটোয়ারী-বোদা সড়ক (আইডি নং-১৭৭০৪২০০১) (দৈর্ঘ্য ১৫.৫০ কিঃমিঃ) | এলজিইডি | সওজ অধিদপ্তর | "আটোয়ারী-বোদা" (আইডি নং-১৭৭০৪২০০১) সড়ক (দৈর্ঘ্য ১৫.৫০ কিঃমিঃ) এলজিইডি হতে সড়ক ও জনপথ অধিদপ্তরের নিকট জেলা মহাসড়ক শ্রেণিতে হস্তান্তরের সুপারিশ করা হলো। |

| ক্রঃ নং | জেলার নাম | প্রস্তাবিত সড়কের নাম ও আইডি নং | বর্তমান মালিকানা | প্রস্তাবিত মালিকানা | স্ট্যান্ডিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ৭. | নওগাঁ | মহাদেবপুর-মাতাজীহাট জিসি সড়ক (আইডি নং-১৬৪৫০২০০১) (দৈর্ঘ্য ১২.৪০ কিঃমিঃ) | এলজিইডি | সওজ অধিদপ্তর | নওগাঁ জেলার মহাদেবপুর-মাতাজীহাট জিসি (আইডি নং-১৬৪৫০২০০১) দৈর্ঘ্য ১২.৪০ কিঃমিঃ, মাতাজীহাট ফতেহপুর জিসি (আইডি নং-১৬৪৫০২০০৯) দৈর্ঘ্য ২.৭২ কিঃমিঃ, মাতাজীহাট জিসি ফতেপুর আরএন্ডএইচ (আইডি নং-১৬৪৭৫২০০৫) দৈর্ঘ্য ৫.৯২ কিঃমিঃ ও ফতেপুর আরএন্ডএইচ-মাতাজীহাট জিসি (আইডি নং-১৬৪২৮২০০৪) দৈর্ঘ্য ৫.৯৪ কিঃমিঃসহ সড়ক ৪টি একত্রে 'মহাদেবপুর-মাতাজীহাট-ধামইরহাট (ফতেপুর) সড়ক' (দৈর্ঘ্য ২৬.৯৮ কিঃমিঃ) নামে এলজিইডি হতে সড়ক ও জনপথ অধিদপ্তরের জেলা মহাসড়ক শ্রেণিতে হস্তান্তরের সুপাশি করা হলো। |
| ৮. | | মাতাজীহাট ফতেপুর জিসি সড়ক (আইডি নং-১৬৪৫০২০০৯) (দৈর্ঘ্য ২.৭২ কিঃমিঃ) | | | |
| ৯. | | মাতাজীহাট জিসি-ফতেপুর আরএন্ডএইচ সড়ক (আইডি নং-১৬৪৭৫২০০৫) (দৈর্ঘ্য ৫.৯২ কিঃমিঃ) | | | |
| ১০ | | ফতেপুর আরএন্ডএইচ-মাতাজীহাট জিসি সড়ক (আইডি নং-১৬৪২৮২০০৪) (দৈর্ঘ্য ৫.৯৪ কিঃমিঃ) | | | |

| ক্রঃ নং | জেলার নাম | প্রস্তাবিত সড়কের নাম ও আইডি নং | বর্তমান মালিকানা | প্রস্তাবিত মালিকানা | স্ট্যান্ডিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১১. | ঢাকা | ভাষানটেক (ক্যান্টনমেন্ট)-দেওয়ানপাড়া-কালশী-বাউনিয়া বেড়ীবাঁধ (জেড-৩০০৫) সড়ক (দৈর্ঘ্য ৩.৫০ কিঃমিঃ) | সওজ অধিদপ্তর | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | “ভাষানটেক (ক্যান্টনমেন্ট) দেওয়ানপাড়া-কালশী-বাউনিয়া বেড়ীবাঁধ জেড-৩০০৫ “ শীর্ষক সড়কটির দেওয়ানপাড়া ব্রীজ হতে লালমাটিয়া ট্রাকস্ট্যান্ড হয়ে কালশী মসজিদ পর্যন্ত ১.২৭৫ কিলোমিটার সংযোগ সড়কাংশ গত ১৫ জুলাই ২০২৫ তারিখের স্ট্যান্ডিং কমিটির সভায় সড়ক ও জনপথ অধিদপ্তর হতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তরের সুপারিশ করা হয়। পরবর্তীতে গত ০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের স্ট্যান্ডিং কমিটির সভায় আলোচ্য সড়কটির ভাষানটেক বাজার হতে দেওয়ানপাড়া ব্রীজ পর্যন্ত চেইনেজ ০+০০ হতে০১+৬৩৫ মিটার = ১.৬৩৫ কিঃমিঃ সড়কাংশ এবং ইসিবি চত্বর-কালশী সড়কের পাশে অবস্থিত রিয়াজুল জান্নাত মসজিদ হতে দেওয়ানপাড়া ব্রীজ পর্যন্ত ০.৫৯০ কিঃমিঃ সড়কাংশ উত্তর সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তরের সুপারিশ করা হয়। অর্থাৎ “ভাষানটেক (ক্যান্টনমেন্ট) দেওয়ানপাড়া-কালশী-বাউনিয়া বেড়ীবাঁধ (জেড-৩০০৫)” সড়কটির সম্পূর্ণ অংশই (মোট দৈর্ঘ্য ৩.৫০ কিঃমিঃ) উত্তর সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তরের সুপারিশ করা হলো। |

**সংযোজনী-‘খ’**

**সড়ক ও জনপথ অধিদপ্তরের আঞ্চলিক মহাসড়ককে জাতীয় মহাসড়ক শ্রেণিতে রূপান্তর :**

| ক্রমিক নং | বর্তমানে সড়কের নাম ও নম্বর | চেইনেজ ও দৈর্ঘ্য | প্রস্তাবিত সড়কের নাম, শ্রেণি ও দৈর্ঘ্য | স্ট্যান্ডিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১. | বগুড়া-নওগাঁ-মহাদেবপুর-পত্নীতলা-ধামইরহাট-জয়পুরহাট (আর-৫৪৫) | ২+০০০ কিঃমিঃ (বগুড়া চারমাথা) হতে ৪১+৮৪০ কিঃমিঃ (বশিপুর মোড়) পর্যন্ত মোট = ৩৯.৮৪০ কিলোমিটার | বগুড়া-নওগাঁ-রাজশাহী সড়ক, দৈর্ঘ্য-১২২.০০ কিঃমিঃ ও শ্রেণি-জাতীয় মহাসড়ক | বগুড়া-নওগাঁ-রাজশাহী (দৈর্ঘ্য ১২২.০০ কিঃমিঃ) সড়ক জাতীয় মহাসড়ক শ্রেণিতে রূপান্তরের সুপারিশ করা হলো। |
| ২. | নওগাঁ শহর বাইপাস সড়ক (আর-৫৪২) | ০+০০০ কিঃমিঃ (বশিপুর মোড়) হতে ৮+০০০ কিঃমিঃ (শিশু পার্ক) পর্যন্ত মোট = ৮.০০ কিলোমিটার | | |
| ৩. | বগুড়া-নওগাঁ-মহাদেবপুর-পত্নীতলা-ধামইরহাট-জয়পুরহাট (আর-৫৪৫) | ৫১+৩৫০ কিঃমিঃ (শিশু পার্ক) হতে ৫৯+০৫৭ কিঃমিঃ (চৌমাসিয়া মোড়) পর্যন্ত মোট = ৭.৭০৭ কিলোমিটার | | |
| ৪. | রাজশাহী-নওহাটা-চৌমাসিয়া (আর-৬৮৫) | ০+০০০ কিঃমিঃ (বিন্দুর মোড়) হতে ৬৬+৪২০ কিঃমিঃ (চৌমাসিয়া মোড়) পর্যন্ত মোট = ৬৬+৪২০ কিলোমিটার | | |

**সংযোজনী-'গ'**

**সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন বগুড়া-নওগাঁ-মহাদেবপুর-পত্নীতলা-ধামইরহাট-জয়পুরহাট (আর-৫৪৫) আঞ্চলিক মহাসড়কের অবশিষ্ট অংশ বিশেষ নিম্নলিখিত ছক অনুযায়ী নতুনভাবে নামকরণ :**

| ক্রমিক নং | বর্তমান সড়কের নাম ও নম্বর | চেইনেজ ও দৈর্ঘ্য | প্রস্তাবিত সড়কের নাম, দৈর্ঘ্য ও শ্রেণি | স্ট্যান্ডিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১. | বগুড়া-নওগাঁ-মহাদেবপুর-পত্নীতলা-ধামইরহাট-জয়পুরহাট (আর-৫৪৫) | ০+০০০ (নুরানী মোড়) হতে ২+০০০ (চারমাথা মোড়) = ২.০০০ কিঃমিঃ | বগুড়া শহর-চারমাথা বাসস্ট্যান্ড সড়ক দৈর্ঘ্য-২.০০০ কিঃমিঃ শ্রেণি-আঞ্চলিক মহাসড়ক | বগুড়া-নওগাঁ-মহাদেবপুর-পত্নীতলা-ধামইরহাট-জয়পুরহাট (আর-৫৪৫) আঞ্চলিক মহাসড়কের অবশিষ্টাংশ নতুনভাবে নামকরণের সুপারিশ করা হলো। |
| ২. | বগুড়া-নওগাঁ-মহাদেবপুর-পত্নীতলা-ধামইরহাট-জয়পুরহাট (আর-৫৪৫) | ৪১+৮৪০ (বশিপুর মোড়) হতে ৫১+৩৫০ (শিশু পার্ক) = ৯.৫১০ কিঃমিঃ | বশিপুর (বগুড়া)-সান্তাহার মোড়-নওগাঁ সদর সড়ক দৈর্ঘ্য-৯.৫১০ কিঃমিঃ শ্রেণি- আঞ্চলিক মহাসড়ক | |
| ৩. | বগুড়া-নওগাঁ-মহাদেবপুর-পত্নীতলা-ধামইরহাট-জয়পুরহাট (আর-৫৪৫) | ৫৯+০৫৭ (চৌমাসিয়া মোড়) হতে ১২+৯৩০ (জয়পুরহাট) = ৬১.৮৭৩ কিঃমিঃ | চৌমাসিয়া (নওগাঁ)-মহাদেবপুর-পত্নীতলা-ধামইরহাট-জয়পুরহাট সড়ক দৈর্ঘ্য-৬১.৮৭৩ কিঃমিঃ শ্রেণি-আঞ্চলিক মহাসড়ক | |

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd